



সামাজিক সুরক্ষা যোজনা, ২০১৭

(SSY, 2017)

শ্রম দপ্তর বিজ্ঞপ্তি নং - Labr./257/(LC-WB) তারিখ - 03.04.2017 এর

মাধ্যমে পশ্চিমবঙ্গের অসংগঠিত শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা যোজনা, ২০১৭ চালু হয়েছে।

এই যোজনায় নথিভুক্ত শ্রমিকগণ যা যা সুবিধা পাবেন তা হল

প্রাপ্য সুযোগ-সুবিধা:

সামাজিক সুরক্ষা যোজনা

ভবিষ্যনিধি:

ক) উপভোক্তা- মাসিক ২৫ টাকা খ) রাজ্য সরকার অনুদান - মাসিক ৩০ টাকা গ) কেন্দ্রীয় সরকার সময়ে সময়ে যে হারে সাধারণ ভবিষ্যনিধি প্রকল্পে সুদ প্রদান করে রাজ্য সরকারও সেই হারে ঐ কর্মচারীর ভবিষ্যে সুদ প্রদান করবে
ঘ) কর্মচারীর ৬০ বছর বয়স উত্তীর্ণ হলে, অথবা ঐ প্রকল্পে গ্রাহকের অ্যাকাউন্ট বন্ধ হয়ে গেলে অথবা মৃত্যুর কারণে অ্যাকাউন্ট চালা থাকলে, সুদসহ সমস্ত পূর্ণীভূত টাকা ঐ শ্রমিককে অথবা তার মনোনীত ব্যক্তিকে বা বৈধ উত্তরাধিকারীকে ফেরত দেওয়া হবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ:

ক) যে কোন অসুস্থতার কারণে (ওয়েট বেসন হেল্থ স্কীম-২০০৮) হাসপাতালে অন্তর্বিভাগ ও বহির্বিভাগে চিকিৎসা হলে,

উপভোক্তা বা তার পরিবারের সদস্যরা বার্ষিক ২০ হাজার টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পেতে পারে।

অ) রোগ পরীক্ষার মূল্য - সম্পূর্ণ। আ) ঔষধের মূল্য - সম্পূর্ণ। ই) হাসপাতালে ভর্তি খরচ - সম্পূর্ণ। ঙ) কর্মদিবস নষ্ট হওয়ার কারণে উপভোক্তাকে প্রথম ৫ দিনের জন্য ১০০০ টাকা এবং বাকী দিনগুলি প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০০ টাকা করে প্রদান করা হবে। কিন্তু, সর্বোচ্চ ১০ হাজার টাকা প্রদান করা যাবে।

উপভোক্তা এবং / অথবা তার পরিবার সদস্যদের দাবী, বৎসরে একবারের অধিক গ্রহণ করা যেতে পারে। কিন্তু মোট আর্থিক সাহায্যের পরিমাণ বৎসরে কখনোই ২০ হাজার টাকার সীমা অতিক্রম করবে না।

খ) শল্য চিকিৎসার ক্ষেত্রে

১) একজন উপভোক্তা এবং / অথবা তার পরিবার এর সদস্যরা সর্বোচ্চ ৬০ হাজার টাকা বার্ষিক আর্থিক সাহায্য পাওয়ার অধিকারী হবেন। এই সুবিধা নিম্নলিখিত কারণের জন্য প্রদান করা হবে:- অ) রোগ পরীক্ষার জন্য - সম্পূর্ণ। আ) ঔষধের মূল্য - সম্পূর্ণ। ই) হাসপাতালে ভর্তি খরচ - সম্পূর্ণ। ঙ) কর্মদিবস নষ্ট হওয়ার কারণে কেবলমাত্র উপভোক্তাকে প্রথম ৫ দিনের জন্য ১০০০ টাকা এবং বাকী দিনগুলি প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০০ টাকা করে প্রদান করা হবে। কিন্তু, কখনোই সর্বোচ্চ ১০ হাজার টাকা প্রদানের সীমা অতিক্রম করবে না। ২) উপভোক্তা এবং / অথবা তার পরিবারের সদস্যদের দাবী, বৎসরে একবারের অধিক গ্রহণ করার যেতে পারে। কিন্তু মোট আর্থিক সাহায্যের পরিমাণ বৎসরে কখনোই ৬০ হাজার টাকার সীমা অতিক্রম করবে না।

গ) দুর্ঘটনাজনিত কারণে

একজন উপভোক্তা দুর্ঘটনাজনিত কারণে ৫ দিনের অধিক হাসপাতালে ভর্তি থাকলে এবং কর্মদিবস নষ্ট হলে, ঐ উপভোক্তাকে প্রথম ৫ দিনের জন্য ১০০০ টাকা এবং বাকী দিনগুলি প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০০ টাকা করে সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত দেওয়া যাবে। এই সুবিধা কেবলমাত্র উপভোক্তাকেই দেওয়া হবে।

উপরের ক), খ) এবং গ) তে খরচ/ব্যয় এর দাবী পূরণের সরকারী হাসপাতাল অথবা পশ্চিমবঙ্গ সরকারের অর্থদপ্তর দ্বারা স্থাপিত ডবলু.বি.এইচ.এস.-২০০৮ এর পরিকল্পিত খরচ (গৃহস্থায়/Package) অনুযায়ী তাৎক্ষণিক হাসপাতালগুলিতে গ্রহণ হবে বা অনুদানিত হবে।

মৃত্যু ও শারীরিক অসমর্থতা:

- দুর্ঘটনার কারণে মৃত্যু হলে, - ২ লক্ষ টাকা প্রদান
- সাধারণ মৃত্যুতে - ৫০ হাজার টাকা প্রদান

শারীরিক অসমর্থতা

- উপভোক্তার ন্যূনতম ৪০% শারীরিক অসমর্থতা থাকলে ৫০ হাজার টাকা প্রদান।
- উপভোক্তার দুর্ঘটনাজনিত কারণে দুটি চোখেরই দৃষ্টিশক্তি হারালে, দুটি হাতের কর্মক্ষমতা অথবা দুটি পায়ের চলক্ষমতা হারালে ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে।
- উপভোক্তার দুর্ঘটনাজনিত কারণে একটি চোখের দৃষ্টিশক্তি হারালে, একটি হাতের কর্মক্ষমতা অথবা একটি পায়ের চলক্ষমতা হারালে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে।

শিক্ষা:

- একাদশ শ্রেণীতে পার্ঠরত - বার্ষিক ৪ হাজার টাকা
- দ্বাদশ শ্রেণীতে পার্ঠরত - বার্ষিক ৫ হাজার টাকা
- আই.টি.আই.তে প্রশিক্ষণরত - বার্ষিক ৬ হাজার টাকা
- স্নাতক স্তরে পার্ঠরত (কলা/বিজ্ঞান/বাণিজ্য) - বার্ষিক ৬ হাজার টাকা
- স্নাতকোত্তর স্তরে পার্ঠরত (কলা/বিজ্ঞান/বাণিজ্য) - বার্ষিক ১০ হাজার টাকা
- পলিটেকনিকে পার্ঠরত - বার্ষিক ১০ হাজার টাকা
- ডাক্তারি/ইঞ্জিনিয়ারিং (বাস্তুবিদ্যা) পার্ঠরত - বার্ষিক ৩০ হাজার টাকা
- দুটি কন্যা সন্তান পর্যন্ত উপভোক্তাদের স্নাতকস্তর পর্যন্ত পড়াশুনা শেষ করা বা সমকক্ষ দক্ষতা বিকাশী পড়াশুনার জন্য প্রত্যেককে ২৫ হাজার টাকা আর্থিক সহযোগিতা প্রদান করা হবে।
- এই সুবিধা ঐ কন্যাদের পড়াশুনা শেষ হওয়া পর্যন্ত অধিবাহিত থাকলে ভবেই প্রদান করা হবে।
- যে সমস্ত ছাত্র-ছাত্রী এই যোজনার আওতায় আসবেন, তারা কখনোই সরকারের অন্য কোন বৃত্তি অথবা প্রকল্পের সুবিধা নিতে পারবে না।

অন্যান্য সুবিধা:

নিরাপত্তায় প্রশিক্ষণ এবং দক্ষতা বিকাশ:

উপভোক্তা এবং/অথবা তার পরিবার সদস্যদের বিভিন্ন ব্যবসা-বাণিজ্য এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হবে, যাতে তারা বিকল্প অর্থনৈতিক কাজ-কারবার, মূলত স্বনিযুক্তিতে সমর্থ হয়। এই প্রশিক্ষণ অবশ্যই উৎপাদন ভিত্তিক হবে এবং পশ্চিমবঙ্গ দক্ষতা বিকাশ সমাজ (পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট) কর্তৃক প্রদান করা হবে এবং দক্ষতা বিকাশের জন্য এই রাজ্য সরকারের মধ্যস্থতায় উপনীত মূল্য ও অন্যান্য সাধারণ নিয়মাচার মেনে চলবে।